ব্রিটেনের প্রধানমন্ত্রী আইসিইউ থেকে ওয়ার্ডে

ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনকে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) থেকে বের করে আনা হয়েছে।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় তাঁকে আইসিইউ থেকে ওয়ার্ডে নেওয়া হয়েছে। তিনি এখনো হাসপাতালে চিকিৎসকদের পর্যবেক্ষণে আছেন।

গত রবিবার থেকে মি: জনসন লন্ডনের সেন্ট টমাস হাসপাতালে করোনাভাইরাস সংক্রমণের চিকিৎসা নিচ্ছেন।

ব্রিটিশ প্রধানমন্ত্রীর দপ্তর ১০ নং ডাউনিং স্ট্রিট থেকে জানানো হয়েছে, ” বৃহস্পতিবার সন্ধ্যায় তাকে আইসিইউ থেকে স্থানান্তর করে হাসপাতালের ওয়ার্ডে রাখা হয়েছে। তিনি সেখানে থেকে সুস্থ হয়ে উঠার প্রাথমিক পর্যায়ে চিকিৎসা নেবেন।”

১০ নং ডাউনিং স্ট্রিটের এখন মুখপাত্র জানিয়েছেন, “তার মনোবল ভীষণ ভালো।”

করোনাভাইরাস সংক্রমণ শনাক্ত হবার ১০ দিন পরে ব্রিটিশ প্রধানমন্ত্রীকে গত রোববার হাসপাতালে নেয়া হয়। এর পরদিন তাকে ইনটেনসিভ কেয়ার ইউনিটে স্থানান্তর করা হয়।

আইসিইউতে মি: জনসনকে স্বাভাবিক অক্সিজেন দেয়া হলেও তাকে ভেন্টিলেটরে রাখা হয়নি।

একজন মুখপাত্র জানিয়েছেন, মি: জনসনের শারীরিক অবস্থা উন্নতি হচ্ছে এবং তিনি ব্রিটেনের জাতীয় স্বাস্থ্য সেবা কর্মীদের ধন্যবাদ জানিয়েছেন।

এদিকে মি: জনসনকে আইসিইউ থেকে বের করে আনার পর এক টুইট বার্তায় উচ্ছ্বাস প্রকাশ করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মি: ট্রাম্প লিখেছেন, ” খুব ভালো খবর। প্রধানমন্ত্রী বরিস জনসনকে আইসিইউ থেকে বের করে আনা হয়েছে। সুস্থ হয়ে ওঠো বরিস।”

এদিকে ব্রিটেনের স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক বলেন,

প্রধানমন্ত্রী বরিস জনসনকে আইসিইউ থেকে বের করে আনা খুব ভালো খবর এবং তিনি উন্নতির দিকে রয়েছেন।

মি: জনসনকে আইসিইউ থেকে বের করে আনার বিষয়টিকে “ভালো খবর” হিসেবে আখ্যায়িত করেছেন ব্রিটেনের বিরোধী দল লেবার পার্টির নবনির্বাচিত নেতা।
সূত্র : বিবিস বাংলা

বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম

করোনাভাইরাস মোকাবিলায় সহায়তা করতে বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং এক ভিডিও বার্তায় এ তথ্য জানান।

গত মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-কে টেলিফোনে শেখ রাসেল গ্যাস্ট্রো- লিভার ইনস্টিটিউট ও হাসপাতালে প্রযুক্তিবিদের একটি বিশেষজ্ঞ দল পাঠানোর আহ্বান জানান। তিনি একটি মেডিকেল টিম পাঠানোর সম্ভাবনা নিয়েও সেদিন আলোচনা করেছিলেন।

বৃহস্পতিবার চীনা দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা সংকটে বাংলাদেশকে সহায়তা দেওয়ায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে ধন্যবাদ জানিয়ে চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

চিঠিতে মহামারি মোকাবিলায় বাংলাদেশকে চীনের পক্ষ থেকে টেস্ট কিট, মাস্ক, পিপিই ও থার্মোমিটার দেওয়ায় শেখ হাসিনা চীনের প্রেসিডেন্টের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী চীনের জ্যাক মা ফাউন্ডেশন ও আলিবাবাকে করোনা মোকাবিলায় চিকিৎসা সামগ্রী দেওয়ায় ধন্যবাদ জানান।

প্রধানমন্ত্রী চিঠিতে করোনাভাইরাস মোকাবিলায় চীনের সাফল্যের

অভিজ্ঞতা বাংলাদেশ ও বিশ্বের সামনে উদাহরণ হিসেবে উল্লেখ করেন। বিশ্বে করোনাভাইরাস প্রতিরোধে চীনা প্রেসিডেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ব্রিটিশ প্রধানমন্ত্রীর অবস্থা উন্নতির দিকে

তিন রাত আইসিইউতে থাকার পর করোনা আক্রান্ত ব্রিটিশ প্রধানমন্ত্রীর শারীরিক অবস্থা এখন কিছুটা উন্নতির দিকে। ডাউনিং স্ট্রিট জানিয়েছে, চিকিৎসকদের কথাবার্তা বুঝতে পারছেন জনসন।

কোভিড নাইনটিনে আক্রান্ত বলে নিশ্চিতের ১০ দিন পর, গেল রোববার গুরুতর অসুস্থ অবস্থায় লন্ডনের সেন্ট থমাস হাসপাতালে ভর্তি করা হয় তাকে। অবস্থার অবনতি হওয়ায় পরদিন নেয়া হয় নিবিড় পর্যবেক্ষণে; অক্সিজেন দিয়ে করা হয় কৃত্রিম শ্বাসপ্রশ্বাসের। দু’দিনের চিকিৎসার পর সাড়া দিতে শুরু করেছেন তিনি।

তবে পুরোপুরি বিপদমুক্ত হননি বলে এখনও আইসিইউতেই আছেন ৫৫ বছর বয়সী এই প্রধানমন্ত্রী।

ব্রিটেনে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ৮৮৭ জনের

বৃটেনে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৮৮৭ জনের মৃত্যু হয়েছে। বুধবার এ সংখ্যা ছিল ৯৩৮ জন। যুক্তরাজ্যে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭,৯৮৪ জন।

গত ২৪ ঘণ্টায় ইংল্যান্ডে মারা গেছেন ৭৬৫ জন, স্কটল্যান্ডে ৮১ জন

এবং ওয়েলসে ৪১ জন। এই তালিকায় নর্দান আয়ারল্যান্ডের মৃতের তালিকা যুক্ত হয়নি।

এদিকে, আগামী আগস্ট মাসের মধ্যে যুক্তরাজ্যে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৬৬ হাজার ৩১৪ জন মানুষের মৃত্যু হবে বলে মার্কিন গবেষকরা ধারণা করছেন।

মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের স্কুল অব মেডিসিনের ইনস্টিটিউট অব হেলথ মেট্রিক্স অ্যান্ডইভালুয়েশনের গবেষকরা এক গবেষণাপত্রের মাধ্যমে এ তথ্য জানিয়েছেন। খবর সিএনএন।

তবে যুক্তেরাজ্যের বিজ্ঞানীরা এ ধরনের অনুমান নিয়ে দ্বিমত পোষণ করেছেন।

তারা বলছেন, মহামারি নিয়ন্ত্রণে এরই মধ্যে সরকারের নেয়া পদক্ষেপ প্রাণহানির হাত থেকে রক্ষা করবে দেশটিকে।

লন্ডন ইম্পিরিয়াল কলেজের এক গবেষণা বলছে, লকডাউন ও সামাজিক দূরত্ব বজায় রাখার মতো উদ্যোগের কারণে দেশটিতে করোনায় মৃতের সংখ্যা ২০ থেকে ৩০ হাজারের মতোই সীমাবদ্ধ থাকবে।

হাসপাতালের থাকা ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন চ্যান্সলার রাশি সুনাক।

বিডি প্রতিদিন

কাজ না করলেও শতভাগ বেতন পাবেন সিঙ্গাপুরের বাংলাদেশি শ্রমিকরা

সিঙ্গাপুরে ‘সার্কিটব্রেকার কর্মসূচি’র আওতায় সিঙ্গাপুরে সব ধরনের নির্মাণ কাজ বন্ধ রাখা হয়েছে। তবে বাংলাদেশি শ্রমিকদের সম্পূর্ণ বেতনসহ আনুষঙ্গিক সুবিধা বহাল রাখা হয়েছে। তাছাড়া সকল

শ্রমিককে বিনা মূল্যে খাবার ও চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে ।

সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ভিভিয়ান বালাকৃষনান বৃহস্পতিবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেনের সঙ্গে ফোনে আলাপকালে এসব কথা বলেন। সূত্র- যুগান্তর

সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী, সিঙ্গাপুরে ১৪৮১ জন করোয়ায় আক্রান্তের মধ্যে ২৪৪ জন বাংলাদেশি। আরও বেশকিছু সংখ্যক বাংলাদেশিকে কোয়ারেন্টিনে রাখা হয়েছে। তাদের চিকিৎসাসহ সার্বিক তত্ত্বাবধানে সবধরনের ব্যবস্থা গ্রহণ করছে সিঙ্গাপুর।

এসময় আরো জানানো হয়, সিঙ্গাপুরে প্রথম আক্রান্ত ৫ জনের মধ্যে ৪ জনই এখন সুস্থ। গুরুতর অসুস্থ একজনের অবস্থারও উন্নতি হয়েছে।

স্মরণকালের ভয়াবহ অবস্থা নিউইয়র্ক শহরে

নিউইয়র্ক শহরে করোনাভাইরাসে বিপজ্জনক হারে আক্রান্ত হচ্ছে কৃষ্ণাঙ্গ আমেরিকানরা এবং এশিয়ানরা।তিনদিনে নিউইয়র্ক শহরে মৃতের সংখ্যা ২,৭৭০ জন।

এই মুহুর্তে নিউইয়র্ক সময় সকাল ৯টা আমেরিকায় রোগীর সংখ্যা ৪৩৪,৮৩৪ জন। মারা গেছেন ১৪,৭৯২ জন। নিউইয়র্কে আক্রান্ত ১,৫১,৯৬৫ জন।মারা গেছেন ৬,৮৮৯ জন। আমেরিকায় আজ নিউইয়র্ক শহরে এ যাবত বাংলাদেশি মৃতের সংখ্যা ৯৮ জন এ দাঁড়ালো।আগামী দু, সপ্তাহে আক্রান্ত ও মৃতের সংখ্যা ভয়াবহ হারে বাড়তে বলে বিশেষজ্ঞরা জানিয়েছেন।

বেশ কয়েকটি রাজ্য এবং বড় শহর প্রকাশিত তথ্য অনুসারে, মার্কিন যুক্তরাষ্ট্রের করোনাভাইরাস কালো মানুষকে সংক্রামক ও উচ্চ হারে সংক্রামিত করছে এবং মারা যাচ্ছে। জনস্বাস্থ্য গবেষকরা যা বলেছিলেন তা , স্বাস্থ্য এবং পরিচর্যার জোর বৈষম্যকে তুলে ধরে।

বিশেষজ্ঞরা বলছেন, জাতি এবং করোনাভাইরাস সম্পর্কিত তথ্যগুলি খুব

দ্রুত সিদ্ধান্তে সীমাবদ্ধ নয়, গণিতিক হারে আক্রান্ত ও মৃতের হার বেড়েই চলছে৷ সূচকগুলি যথেষ্ট উদ্বেগজনক যে নীতিনির্ধারকরা বলছেন যে তাদের কালো সম্প্রদায়ের সম্ভাব্য ধ্বংসাত্মকতা রোধে অবিলম্বে কাজ করতে হবে।

লকডাউনে বিয়ে, বড়-কনেসহ সবাই গ্রেফতার (ভিডিও)

বিশ্বজুড়ে চলছে করোনাভাইরাস আতঙ্ক। একাধিক দেশে করোনাভাইরাসে সংক্রমণের হার ক্রমেই বেড়ে চলেছে। আর সেই কারণে বাধ্য হয়ে বেশ কয়েকটি দেশে জারি করা হয়েছে লকডাউন। কিন্ত এই লকডাউনের মধ্যে বিয়ে করার কারণে বর ও কনেসহ অনুষ্ঠানে উপস্থিত সকলকে গ্রেফতার করা হয়েছে।

ঘটনাটি ঘটেছে দক্ষিণ আফ্রিকাতে। নিয়ম বিরুদ্ধভাবে এই কাজের জন্য প্রশাসনের পক্ষ থেকে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

পাত্রের নাম জাবুলানি জুলু এবং পাত্রির নাম নমথন্দাজ খিজ। এদের বিয়েতে লকডাউন ভেঙে উপস্থিত হয়েছিলেন ৫০ জন। পরে খবর পেয়েই পুলিশ গিয়ে সেখান থেকে সকলকে গ্রেফতার করে। আর সেই ভিডিওটি সোশ্যাল মিডিয়াতেও ক্রমেই ভাইরাল হয়ে গিয়েছে।
দেখা যাচ্ছে, বর-কনেসহ সকলে পুলিশের গাড়িতে উঠছে। দক্ষিণ আফ্রিকাতে এটি লকডাউনের দ্বিতীয় সপ্তাহ। যদিও পুরো বিষয়টি ওই নবদম্পতি মেনে নিয়েছে। পরে তাদের মোটা টাকা জরিমানার পরিবর্তে মুক্তি দেওয়া হয়।

ইতোমধ্যে দক্ষিণ আফ্রিকাতে ১৮৪৫ জন আক্রান্ত এবং মারা গেছেন ১৮ জন। দেশটিতে ১৬ এপ্রিল পর্যন্ত লকডাউন থাকার কথা।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

[redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’

[redacted] [redacted] [redacted] [

যে কোনো প্রান্তে আটকে পড়া প্রবাসীদের ফেরত আনব: পররাষ্ট্রমন্ত্রী

করোনাভাইরাস পরিস্থিতিতে বিদেশে আটকে পড়া বাংলাদেশিদের যেকোনো মূল্যে ফেরত আনা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন।

তিনি বলেছেন, করোনাভাইরাস সংকটে বিশ্বের যেকোনো প্রান্তে আটকে পড়া বাংলাদেশিদের ফেরত আনব।

প্রবাসে আটকে পড়া বাংলাদেশিদের ফেরত আনা নিয়ে বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে এ কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী।

ভারতে লকডাউন চলায় সে দেশে আটকে পড়া বাংলাদেশিদের ফেরত আনতে সমস্যা হচ্ছে বলেও জানান ড. মোমেন।

করোনাভাইরাসের সংক্রমণের কারণে প্রবাসী বাংলাদেশিদের ফেরত পাঠাতে সংশ্লিষ্ট দেশকে চিঠি দিচ্ছে বাংলাদেশ।

এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমি ও প্রবাসী কল্যাণমন্ত্রী বিভিন্ন দেশকে ধন্যবাদ জানিয়ে চিঠি লিখতে যাচ্ছি, যারা আমাদের নাগরিকদের এ সংকটে তাদের দেশে সহায়তা দিয়ে যাচ্ছে তাদের।

বৈঠকে প্রবাসীকল্যাণ মন্ত্রী ইমরান আহমেদ, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সুত্র-যুগান্তর

সৌদি আরবে ঘুমন্ত অবস্থায় প্রাণ গেল ৪ বাংলাদেশির

সৌদি আরবে হৃদরোগে আক্রান্ত হয়ে ও ঘুমন্ত অবস্থায় চার বাংলাদেশির মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া গেছে।

নিহতরা হলেন- আবুল হাসেম, বেলাল উদ্দিন, জাহাঙ্গীর আলম ও শওকত ওসমান।

স্থানীয় পুলিশ নিহতদের লাশ উদ্ধার করে হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

জানা গেছে, মঙ্গলবার আবুল হোসেন (৩৫) মক্কা নগরীর সারা মনসুর এলাকায় নিজ বাসায় ঘুমন্ত অবস্থায় মারা যান।

তিনি চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার কেঁওচিয়া ইউনিয়নের আশেকেরপাড়ার বাসিন্দা। তার বাবার নাম হাবিবুর রহমান।

মক্কা মিসফাল্লাহর দাহালা রোডে নিজ বাসায় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান মোহাম্মদ বেলাল উদ্দিন (৩২) নামের আরেক যুবক।

তিনি কক্সবাজার জেলার রামু উপজেলার উল্টাখালী ফকির বাবার কবর এলাকার শাহ আলমের ছেলে।

অপরদিকে রিয়াদের হারায়া নামক এলাকায় জাহাঙ্গীর আলম (৪২) নামের এক প্রবাসী নিজ বাসায় ঘুমন্ত অবস্থায় মারা যান।

তার বাড়ি কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার বাড়ীকোটা গজারিয়া গ্রামে। তার বাবার নাম ছিদ্দিকুর রহমান।

এছাড়া শওকত ওসমান (৪০) নামের আরও এক যুবকের মৃত্যু হয়েছে। তিনি জিজান শহরের নিজ বাসায় ঘুমন্ত অবস্থায় মারা যান।

ওসমান কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ঈদমনি গ্রামের বাসিন্দা বলে জানা গেছে।

□□□□□-□□□□□□□□